

বৃষ্টিতে পাহাড় ধস, চট্টগ্রামে ৪ মৃত্যু

b bangla.bdnews24.com/ctg/article2077708.bdnews

চট্টগ্রাম ব্যুরো বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 18 Jun 2022 09:15 AM BdST Updated: 19 Jun 2022 02:04 AM BdST



চট্টগ্রামে অবিরাম বৃষ্টিতে আলাদা দুটি স্থানে পাহাড় ধসে দুই ভাই এবং দুই বোনের মৃত্যু হয়েছে।

নগরীর আকবর শাহ খানার এক নম্বর ঝিল এবং বিজয় নগর এলাকায় শুক্রবার গভীর রাতে এ ঘটনা ঘটে।

নগরীর এমিউজমেন্ট পার্ক ফয়'স লেকের সি ওয়ার্ল্ডের পাশে এক নম্বর ঝিল পাড় এলাকার পাহাড় ধসে মারা যান দুই বোন- শাহীনুর আক্তার (২৬) ও মাইনুর আক্তার (২৪)।

এ ঘটনায় আহত হন একই ঘরে থাকা তাদের মা রানু বেগম (৬৫) ও বাবা ফজল হক (৭৫)। দুইজনই চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

অপরদিকে সি ওয়ার্ল্ডের বিজয় নগর অংশে পাহাড় ধসের ঘটনায় দুই ভাই- মো. ইমন (১৪) ও মো. লিটন (২৩) নিহত হন। তাদের বাবার নাম মুজিবুর রহমান। তাদের বাড়ি পিরোজপুরের কাউখালী খানার দাশেরকাঠি এলাকায়।

এ পরিবারটি বন্দরনগরীর বিজয়নগর এলাকায় টিনশেড ঘরে ভাড়া থাকত।

আকবর শাহ খানার ওসি ওয়ালি উদ্দিন বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে জানান, ক'দিনের টানা বৃষ্টির মধ্যে গভীর রাতে দুই জায়গায় পাহাড়ের মাটি ধসে পড়ে। পরে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে হতাহতদের উদ্ধার করে।

তিনি বলেন, “উভয় এলাকায় দুর্ঘটনা কবলিত ঘরগুলো পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণ অবস্থায় ছিল। জেলা প্রশাসন ও পুলিশের সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেছে।”

এখনো সেখানে ঝুঁকিপূর্ণভাবে অনেক বসতি রয়েছে জানিয়ে ওসি বলেন, “রাতেও ভারি বৃষ্টিপাত হতে পারে। সেখান এখনো যারা ঝুঁকি নিয়ে আছেন তাদের সরাতে চেষ্টা করছি।”

‘ঝুঁকিপূর্ণ পাহাড়ে উচ্ছেদ অভিযান’

অতিবৃষ্টিতে নগরীর আকবর শাহ থানার ঝিল পাড় ও বিজয়নগর এলাকায় আলাদা পাহাড় ধসে চারজনের মৃত্যুর ঘটনায় শনিবার দুপুরের পর ঘটনাস্থল পরিদর্শন করেন চট্টগ্রামের জেলা প্রশাসক মো. মমিনুর রহমান।

তিনি জানান, পাহাড়ে অবস্থানরতদের সরিয়ে নিতে জেলা প্রশাসন নিরলসভাবে কাজ করছে। এসময় ঝুঁকিপূর্ণ পাহাড়ের ঢালুতে বসবাসকারীদের নিরাপদ স্থানে সরে যেতে অনুরোধ করেন তিনি।

ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের জন্য নগরীতে ১৯টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে জানিয়ে জেলা প্রশাসক বলেন, “সেখানে পর্যাপ্ত খাবারের ব্যবস্থাও রাখা হয়েছে। ক্ষয়ক্ষতি এড়াতে পাহাড়ের ঢালুতে অবস্থিত অতি ঝুঁকিপূর্ণ স্থাপনা অপসারণের পাশাপাশি ওইসব এলাকায় গ্যাস, বিদ্যুৎ ও পানির সংযোগ বিচ্ছিন্ন করা হবে।”

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৃ. মাহমুদ উল্লাহ মারুফ, এনডিসি মো. তৌহিদুল ইসলাম, চান্দগাঁও সার্কেলের সহকারী কমিশনার (ভূমি) মাসুদ রানা সেখানে উপস্থিত ছিলেন।